



স্মারক নং-১৯৮১

তারিখ: ২৭ আশ্বিন, ১৪৩৩।
১২ অক্টোবর, ২০২৬।

-ঃ পিএইচ.ডি/এম.এসসি ইঞ্জিনিয়ারিং/ এম.ইঞ্জিনিয়ারিং/ পিজিডি ভর্তি বিজ্ঞপ্তি :-

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২৬-এর Fall Semester-এ ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (IICT) ও ইনস্টিটিউট অব এনার্জি এন্ড ইনভায়রনমেন্ট স্টাডিজ (IEES)-তে পিএইচ.ডি/এম.এসসি ইঞ্জিনিয়ারিং/এম.ইঞ্জিনিয়ারিং/পিজিডি (Post Graduate Diploma) প্রোগ্রামে ভর্তির জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে আগ্রহী প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ফরমে Online Portal- এর মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

০১. IICT ও IEES-এ এম.এসসি ইঞ্জিনিয়ারিং/ এম.ইঞ্জিনিয়ারিং-এ ভর্তির জন্য প্রার্থীদেরকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে জিপিএ ৫.০০ এর মধ্যে কমপক্ষে ৩.৫০ পেয়ে পাশ করতে হবে (ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমাতে জিপিএ ৪.০০ এর মধ্যে ২.৭৫ পেয়ে পাশ করতে হবে) ও কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট ডিসিপ্লিনে চার বছর মেয়াদী বিএসসি (ইঞ্জিনিয়ারিং/সায়েন্স) বা সমতুল্য ডিগ্রীতে সিজিপিএ ৪.০০-এর মধ্যে ২.৭৫ পেতে হবে এবং পিএইচ.ডি কোর্সে ভর্তির জন্য সংশ্লিষ্ট ডিসিপ্লিনে সিজিপিএ ৪.০০-এর মধ্যে ৩.০০ পেয়ে এমএসসি ইঞ্জিনিয়ারিং বা সমতুল্য ডিগ্রী থাকতে হবে।

অথবা

সংশ্লিষ্ট ডিসিপ্লিনে PGD ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে B.Sc. Engg./B.Sc. Ag./B.Sc.Econ. or B.Sc./ B.S.S. degree/M.A. or M.Sc. or M.S.S degree/BURP/B.Arch. degree বা সমতুল্য ডিগ্রীতে সিজিপিএ ৪.০০ এর মধ্যে ২.৭৫ পেতে হবে।

০২. IICT ও IEES-এ PGD (Post Graduate Diploma) কোর্সে ভর্তির জন্য প্রার্থীদেরকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বা সমতুল্য পর্যায়ে যে কোন একটিতে জিপিএ ৫.০০-এর মধ্যে কমপক্ষে ৩.৫০ পেয়ে পাশ করতে হবে, তবে কোন পরীক্ষাতে জিপিএ ৫.০০ এর মধ্যে ৩.০০ এর নীচে/৩য় বিভাগ গ্রহণযোগ্য নয় এবং কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/ বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট ডিসিপ্লিনে B.Sc. Eng./B.Sc.Ag/B.Sc. Econ. অথবা B.Sc./BSS Degree/M.A অথবা M.Sc. অথবা MSS Degree/ BURP/B. Arch. ডিগ্রী বা সমতুল্য ডিগ্রীতে ৪.০০ এর মধ্যে ২.৫০ পেতে হবে।

০৩. দরখাস্তের সাথে SSL সার্ভিসের মাধ্যমে ১,০০০/= (এক হাজার) টাকা পরিশোধ করতে হবে।

০৪. বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.pg.ruet.ac.bd) হতে Online-এর মাধ্যমে ভর্তি ফরম পূরণপূর্বক ১৫.১০.২০২৬ খ্রি.হতে ০২.১১.২০২৬ খ্রি. মধ্যে আবেদন করতে হবে। সকল পরীক্ষার সনদপত্র ও ট্রান্সক্রিপ্ট/মার্কসীট-এর সত্যায়িত ফটোকপি এবং সিলেবাস/কারিকুলাম-এর সত্যায়িত ফটোকপি ওয়েবসাইট লিংকে জমা দিতে হবে। তবে পাবলিক প্রকৌশল বিশ্ববিদ্যালয় হতে পাশকৃত শিক্ষার্থীদের সিলেবাস/কারিকুলাম-এর ফটোকপি জমা দিতে হবে না।

০৫. যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ : ০৮.১১.২০২৬ খ্রি.।

০৬. ভর্তি পরীক্ষা গ্রহণ : ১৪.১১.২০২৬ খ্রি.।

০৭. ফলাফল প্রকাশ : ১৪.১১.২০২৬-১৬.১১.২০২৬খ্রি.।

০৮. সকল নির্বাচিত প্রার্থীকে (স্বাস্থ্য পরীক্ষায় উপযুক্ত বলে গণ্য হলে) PGD- এর নির্ধারিত ভর্তি ফি= ১২,০০০/- (বার হাজার) টাকা এবং পিএইচ.ডি/এম.এসসি ইঞ্জিনিয়ারিং/এম.ইঞ্জিনিয়ারিং-এর নির্ধারিত ফি =২০,৫০০/- (বিশ হাজার পাঁচশত) টাকা প্রদানপূর্বক ২৩.১১.২০২৬ খ্রি. মধ্যে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে হবে এবং শিক্ষা শাখায় কাগজ-পত্রাদি জমা দিতে হবে।

০৯. ক্লাস শুরু : ২৮.১১.২০২৬ খ্রি.।

১০. চাকুরীরত প্রার্থীকে নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১১. প্রার্থী ইতোপূর্বে কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়ে থাকলে ভর্তির সময় ভর্তি বাতিলের সনদ পত্র জমা দিতে হবে।

১২. চাকুরীরত প্রার্থী নিয়োগকারী কর্তৃপক্ষের সম্মতিক্রমে খণ্ডকালীন ছাত্র হিসাবেও ভর্তির জন্য আবেদন করতে পারবে।

১৩. চাকুরীরত পিএইচ.ডি প্রার্থীকে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে ০১ (এক) বছরের ছুটি নিতে হবে।

১৪. বেসরকারী বিশ্ববিদ্যালয় হতে পাশকৃত ভর্তিচ্ছু প্রার্থীদের ক্ষেত্রে নিম্নের বিষয়গুলো প্রযোজ্য হবে।

(ক) বিশ্ববিদ্যালয়টি ইউজিসি কর্তৃক অনুমোদিত হতে হবে।

(খ) রুয়েটের সাথে উক্ত বিশ্ববিদ্যালয়ের সিলেবাস এবং ক্রেডিট সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

২২.১০.২০২৬
(আরিক আহমদ চৌধুরী)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

তারিখ: ২৭ আশ্বিন, ১৪৩৩।
১২ অক্টোবর, ২০২৬।

স্মারক নং-১৯৮১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান :

- ১। সকল ডীন/ইনস্টিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। রেজিস্ট্রার, বুয়েট/চুয়েট/কুয়েট/ডুয়েট ও সকল বিশ্ববিদ্যালয়।
- ৩। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। প্রশাসক, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয় (ভর্তি বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ৫। হলসহ সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬। সংরক্ষণ নথি।
- ৭। নথি।

২২.১০.২০২৬
(মুহাম্মদ সাইদুল ইসলাম)
সিনিয়র সহকারী রেজিস্ট্রার

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।